



বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২১-২০২২ অর্থ বছরের ০৬/০৯/২০২১ তারিখে জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নে
নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ মোছাঃ আইরিন সুলতানা পরিচালক (উপসচিব) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রংপুর।
তারিখ	ঃ ০৬/০৯/২০২১
সময়	ঃ ০২:০০ ঘটিকা
স্থান	ঃ পরিচালক মহোদয় এর অফিস কক্ষ।

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার কার্যপত্র উপস্থাপনের জন্য উপপরিচালককে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক সভার কার্যক্রম উপস্থাপন করেন।

আলোচনাঃ

০১. উপপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রংপুর ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নের লক্ষ্যে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা বিষয় আলোচনা করেন।

- * সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের সভা আহবানের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক সভা আহবানের বিষয়ে আলোচনা হয়।
- * জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে যথা সময়ে শুদ্ধাচার প্রশিক্ষণ পরিচালনার বিষয়ে আলোচনা হয়।
- * কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ে দৃঢ় মনোভাব ব্যক্ত করেন এবং সার্বিক কর্মপরিবেশ উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন।
- * জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ ও ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে ওয়েবসাইটে হালনাগাদকরণের উপর গুরুত্বারোপ করেন।
- * প্রধান কার্যালয় কর্তৃক ই-নথির ব্যবহার চালুকরণের পর অত্র কার্যালয়ে ই-নথির প্রশিক্ষণ সম্পন্ন করত: ই নথি ব্যবহার চালু করার বিষয়ে আলোচনা হয়।
- * সভাপতি মহোদয় সেবা প্রার্থীদের অর্থ মঞ্জুরী মোবাইলে অবহিতকরণের বিষয়টি সর্বাধিক গুরুত্বের সাথে সম্পাদনের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং অত্যন্ত গুরুত্বের সাথে কর্মসম্পাদনের আহবান জানান।

০৩. শুদ্ধাচার কার্যক্রম ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে লক্ষমাত্রা অনুযায়ী সকল কর্মকর্তা/কর্মচারীকে সম্মিলিতভাবে কর্মবন্টনের আলোকে যথা সময়ে কার্যক্রম সম্পাদন করার সদস্য সচিব আহবান জানান এবং সকল সদস্য তা বাস্তবায়নে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।


সিদ্ধান্তঃ

০১. জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রংপুর এ যেসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
০২. শুদ্ধাচার প্রতিষ্ঠা এবং দাপ্তরিক কার্যাবলি সম্পাদনের অধিকতর স্বচ্ছতা, সদাচারণ, জবাবদিহিতা ও দুর্নীতি মুক্ত হয়ে সকল কর্মচারীকে সম্মিলিতভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩. জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে যথাসময়ে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণসহ এপিএ ভিত্তিক অন্যান্য প্রশিক্ষণ যথাসময়ে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ০৪। জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান করোনা পরিস্থিতিতে দাপ্তরিক কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্যবিধি যথাসময়ে অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ০৫। ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে অন্যান্য গৃহীত কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ

জাতীয় শুদ্ধাচার কমিটি বাককবো, রংপুর এর সদস্য সচিব ও অন্যান্য সদস্যগণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোছাঃ আইরিন সুলতানা)
পরিচালক(উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, রংপুর।

০৫.৮১.৮৫০০.০০১.০১.১৫৫.১৯-৭৭৫/১

তারিখ: ০৬/০৯/২০২১ খ্রি.

অনুলিপি: (সদয় অবগতি ও জ্ঞাতার্থে)

- ০১। মহাপরিচালক(সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ০২। পরিচালক (প্রশাসন)/পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রংপুর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।


০৬/০৯/২১
(এ কে আজাদ আল শামস)
উপপরিচালক